গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড
ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর
www.dpdc.gov.bd
বিদ্যুৎ ভবন, ১ আব্দুল গণি রোড, ঢাকা- ১০০০

# ডিপিডিসির নভেম্বর, ২০২৪ খ্রি. মাসের APA অগ্রগতি ও মাসিক অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | আবদুল্লাহ নোমান<br>ব্যবস্থাপনা পরিচালক |
| সভার তারিখ | **২০ নভেম্বর ২০২৪খ্রি:** |
| সভার সময় | **সকাল ১০:৩০ ঘটিকা** |
| স্থান | On-Line Zoom Platform System এর মাধ্যমে। |
| উপস্থিতি | ডিপিডিসি'র নির্বাহী প্রকৌশলী / ম্যানেজার হতে সর্বোচ্চ পর্যায়ের সকল কর্মকর্তা। |

সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাদেরকে স্বাগতম জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে জেনারেল ম্যানেজার (আইসিটি, এনার্জি এন্ড মিটারিং) আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় ২০২৪-২৫ খ্রি. অর্থ বছরের বার্ষিক কর্ম-সম্পাদন সূচক (APA) এর অগ্রগতি ও বিগত অক্টোবর, ২০২৪ খ্রি. মাসের মাসিক অভ্যন্তরীণ সমন্বয় সভার গৃহীত সিদ্ধান্ত সমূহের পর্যালোচনা করে আলোচ্যসূচি ওয়ারী বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়:

**<u>আলোচ্যসূচি-০১:</u> সিস্টেম লস**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| সভায় সিস্টেম লস কমানো, ম্যাজিস্ট্রেট ড্রাইভ, অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণ ও পেনাল বিল আদায় এর বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ক) APA ২০২৪-২৫ এ সিস্টেম লস এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীগণ সম্মিলিত প্রচেষ্টা অব্যাহত রাখবেন।<br>খ) মিটার রিডিং সংগ্রহের জন্য মোবাইল অ্যাপস এ বায়োমেট্রিকের মাধ্যমে লগইনের ব্যবস্থা করার কাজটির আগামী মাসের মধ্যে সন্তোষজনক অগ্রগতি দেখাতে হবে। CSS/DSS সহ সকল Outsourcing জনবলের বদলী, শাস্তি সহ সকল তথ্য প্রস্তুতকৃত এইচআরএম সফটওয়্যার এ এনওসিএস দপ্তর হতে হালনাগাদ করতে হবে।<br>গ) সিস্টেম লস কমানোর লক্ষ্যে ও ডিপিডিসি'র রাজস্ব আদায় বৃদ্ধির স্বার্থে প্রত্যেক মাসে প্রতি এনওসিএস জোনে কমপক্ষে ০১ টি স্পেশাল মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ড্রাইভ পরিচালনা করতে হবে।<br>(ঘ) অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহার প্রতিরোধের জন্য প্রত্যেক এনওসিএস ডিপিডিসি'র স্পেশাল টাস্কফোর্স এর সহযোগিতায় এবং নিজস্ব জনবলের মাধ্যমে অবৈধ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নকরণে বিশেষ অভিযান পরিচালনা করবে। | প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/সাউথ/সেন্ট্রাল)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস সার্কেল)/ ডিজিএম (আইসিটি) রেভেনিউ/ সকল নির্বাহী প্রকৌশলী, এনওসিএস/ ম্যানেজার (আইসিটি) ডেভেলপমেন্ট/ রেভেনিউ |

**আলোচ্যসূচি-০২: CB Ratio / একাউন্টস রিসিভেবল এবং সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের বকেয়া আদায়**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| সভায় Accounts Receivable, সিবি রেশিও এর লক্ষ্যমাত্রা অর্জন এবং সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত ও কর্পোরেশনসমূহের নিকট বকেয়া আদায়ের জন্য সকল এনওসিএসকে কার্যকর পদক্ষেপ নেওয়ার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। | (ক) APA ২০২৪-২৫ অর্থ বছরে CB Ratio/ একাউন্টস রিসিভেবল এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীগণ সম্মিলিত প্রচেষ্টা অব্যাহত রাখবেন। জোন ওয়ারী সিবি রেশিও ও accounts receivable এর টার্গেট অর্জন করতে হবে। এনওসিএস জোনের প্রধান প্রকৌশলী ও এনওসিএস সার্কেল এর তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ বর্ণিত বিষয়টি সার্বিকভাবে তদারকি করবেন।<br>(খ) অটোরিকশা চার্জের জন্য অবৈধ বিদ্যুৎ ব্যবহার বেড়ে যাওয়ায় সিস্টেম লস বৃদ্ধি পাচ্ছে। তাই এই বিষয়ে এনওসিএস সমূহ কর্তৃক আইনানুগ ব্যবস্থা গ্রহণ ও নিজস্ব নিরাপত্তা নিশ্চিত করে রাতে ড্রাইভ পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তী সভার পূর্বে প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/সাউথ/সেন্ট্রাল) গণ একটি অগ্রগতি প্রতিবেদন নির্বাহী পরিচালক, (অপারেশন) বরাবর প্রেরণ করবেন।<br>(গ) সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের বকেয়া আদায়ের লক্ষ্যে ডিপিডিসি'র অভ্যন্তরীণ ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ ২০২৪-২৫ অর্থ বছরে বর্ণিত খাতে পর্যাপ্ত বাজেট বরাদ্দের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ সংস্থা/ প্রতিষ্ঠানের সাথে বৎসরের প্রথম থেকেই যোগাযোগ অব্যাহত রাখবেন। মন্ত্রণালয়ের বিপরীতে নিয়োজিত ডিপিডিসি'র স্ব স্ব ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থা/প্রতিষ্ঠান সমূহের সাথে এবং বকেয়া আদায়ে বিদ্যুৎ বিভাগের দায়িত্বরত ফোকাল পয়েন্ট কর্মকর্তার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করে বকেয়া আদায়ের প্রচেষ্টা অব্যাহত রাখবেন। ডিপিডিসি’র ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ সংশ্লিষ্ট এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীসহ সকল সরকারি সংস্থার বকেয়া আদায়ের বিষয়ে সচেষ্ট থাকবেন।<br>(ঘ) বিহারী ক্যাম্পের বকেয়া আদায় ও প্রি-পেইড মিটারিং ব্যবস্থা চালুর জন্য প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/সাউথ) গণ সংশ্লিষ্ট ব্যক্তি/ প্রতিনিধির সাথে সভা করবেন এবং সন্তোষজনক অগ্রগতি পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করবেন। | প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/সাউথ/সেন্ট্রাল)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস)/ নির্বাহী প্রকৌশলী ( সকল এনওসিএস), বর্ণিত বিষয়ে দায়িত্বপ্রাপ্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ/ ম্যানেজার (আইসিটি) ডেভেলপমেন্ট। |

**আলোচ্যসূচি-০৩: এস্টিমেটেড বিল ও জিরো ইউনিট বিল, পেনাল/ সম্পূরক বিল, ডিস্পুটেড বিল ও খারাপ মিটার পরিবর্তন সংক্রান্ত:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|

| | | |
|---|---|---|
| সিস্টেম লস কমানোর স্বার্থে ও বিলিং সিস্টেম সহজীকরণের লক্ষ্যে নষ্ট মিটারগুলো অবিলম্বে পরিবর্তনসহ জিরো ইউনিটের বিল কমানোর বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | প্রত্যেক এনওসিএস দপ্তরকে আগামী জানুয়ারী, ২০২৫ খ্রি: মাসের মধ্যে তার আওতাধীন এলাকার সকল(জিরো কনসাম্পশন ও নষ্ট মিটার) গ্রাহকের স্থাপনা সার্ভে করে নির্ধারিত ফর্মের মাধ্যমে তথ্য সংগ্রহ করতে হবে এবং প্রস্তুতকৃত সফটওয়্যারে দ্রুত ইনপুট করতে হবে। | প্রধান প্রকৌশলী, এনওসিএস (নর্থ/ সেন্ট্রাল/ সাউথ)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস সার্কেল)/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস) |

**<u>আলোচ্যসূচি-০৪:</u> নতুন বিদ্যুৎ সংযোগ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| সভায় জিএম, আইসিটি জানান যে, ০২ দিনের মধ্যে এলটি আবাসিক গ্রাহককে সংযোগ প্রদানের জন্য নির্দেশনা থাকা সত্ত্বেও কিছু এনওসিএস নির্ধারিত সময়ের মধ্যে সংযোগ প্রদান করতে পারছেনা যা অত্যন্ত দু:খজনক। নির্ধারিত সময়ের মধ্যে আবাসিক গ্রাহকদের বিদ্যুৎ সংযোগ প্রদান করতে না পারলে APA এর লক্ষ্যমাত্রা অর্জন হবেনা মর্মে সভায় আশঙ্কা প্রকাশ করা হয়। | ক) আবাসিক (LT) বিদ্যুৎ সংযোগ প্রদানের ক্ষেত্রে পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পরবর্তী ২ কর্মদিবসের মধ্যে তদন্ত সম্পন্ন করে ডিমান্ড নোট ইস্যু করতে হবে । ডিমান্ড নোটের টাকা, মিটার ও সার্ভিস চার্জ জমা দেয়া সাপেক্ষে পরবর্তী ০২ কর্মদিবসের মধ্যে বিদ্যুৎ সংযোগ প্রদান করতে হবে। এর ব্যত্যয় হলে সংশ্লিষ্ট এনওসিএস এর নির্বাহী প্রকৌশলী দায়ী থাকবেন। এনওসিএস জোনের প্রধান প্রকৌশলীগণ বর্ণিত বিষয়টি নিবিড়ভাবে মনিটর করত নিশ্চিত করবেন।<br>খ) ১১ কেভি ও তদূর্ধ্ব ভোল্টেজের গ্রাহকদের বিদ্যুৎ সংযোগ প্রদানের ক্ষেত্রে সকল শর্তাদি পূরণ সাপেক্ষে আবেদনের ১৩ দিনের মধ্যে তদন্ত সম্পন্ন করে ডিমান্ড নোট ইস্যু করতে হবে। ডিমান্ড নোটের টাকা জমা, সোলার প্যানেল স্থাপন, মিটার সরবরাহ, মিটার টেস্ট সম্পন্ন করা সাপেক্ষে পরবর্তী ০২ কর্মদিবসের মধ্যে বিদ্যুৎ সংযোগ প্রদান করতে হবে।<br>গ) দীর্ঘদিন যাবৎ ডকুমেন্ট ভেরিফিকেশন পর্যায়ে পেন্ডিং আছে এমন আবেদন গ্রাহকের নিকট ফেরত দিতে হবে। অতঃপর ৩০ কর্ম দিবসের মধ্যে গ্রাহক কোন কার্যক্রম না করলে উক্ত আবেদন সমূহ রিজেক্ট করতে হবে।<br>ঘ) মিটার বসানোর পর সর্বোচ্চ ০১ মাসের মধ্যে বিল চালু করতে হবে। ০১ মাসের বেশী সময় ধরে বিল প্রস্তুত পেন্ডিং গ্রাহকদের সমাধান করার পরই কেবল সকল গ্রাহকের MRS সফটওয়্যার এ প্রস্তুত করা যাবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/সাউথ/সেন্ট্রাল)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস সার্কেল)/ ডিজিএম, আইসিটি (রেভেনিউ)/ ম্যানেজার, আইসিটি (রেভেনিউ)/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস)। |

**<u>আলোচ্যসূচি-০৫:</u> সোলার সিস্টেম সংক্রান্ত**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|

| | | |
|---|---|---|
| সভায় সোলার সিস্টেম বিষয়ে আলোচনা হয়। | (ক)ডিপিডিসি'র এলাকায় ৫৫,৪৭৮টি রুফটপ সোলার সিস্টেম রয়েছে। এ সংক্রান্ত তথ্য সংগ্রহের জন্য নির্দিষ্ট ফর্মের মাধ্যমে সার্ভে করে সোলার সংক্রান্ত তথ্য সফটওয়্যারে এন্ট্রি ও হালনাগাদ করতে হবে।<br>(খ) গ্রাহকের সোলার রক্ষণাবেক্ষণের জন্য যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক ভেন্ডর নির্বাচন করে তালিকাভুক্ত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/সাউথ/সেন্ট্রাল)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (রিনিউইয়েবল এনার্জি/ সকল এনওসিএস সার্কেল)/ ডিজিএম, আইসিটি (রেভেনিউ)/ ম্যানেজার, আইসিটি (রেভেনিউ)/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস)। |

<u>আলোচ্যসূচি-০৬:</u> **প্রি-পেইড মিটার ও পোস্ট-পেইড মিটার সংক্রান্ত**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| পোস্ট-পেইড ও প্রি-পেইড মিটার গ্রাহক পর্যায়ে লোড ম্যানেজমেন্ট প্রয়োগ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এছাড়া ২০২৪-২৫ এর পরিকল্পনা মাফিক কোয়ার্টার ভিত্তিক প্রি-পেইড মিটার স্থাপনে সংশ্লিষ্ট সকলকে কার্যকর পদক্ষেপ নেওয়ার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | ক) আগামী ডিসেম্বর, ২৪ খ্রি: এর মধ্যে জুন'২৪ পর্যন্ত প্রি-পেইড গ্রাহকের বিপরীতে পোস্ট-পেইড মিটারের সর্বমোট বকেয়া ৩৬.২৪ কোটি টাকা সম্পূর্ণ আদায় করতে হবে। এই লক্ষ্যমাত্রা অনুসারে এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীগণ যথাযথ পদক্ষেপ গ্রহণ করবেন।<br>খ) প্রত্যেক এনওসিএসকে সিটি কর্পোরেশনের প্রতিনিধিদের সহায়তা নিয়ে স্ট্রীট লাইটের মিটারিং পয়েন্ট শনাক্ত করে স্ট্রীট লাইটের বিদ্যুৎ ব্যবহার আগামী ডিসেম্বর, ২৪ খ্রি: এর মধ্যে আবশ্যিকভাবে মিটারিং এর আওতায় নিয়ে আসতে হবে। তিন জোনের প্রধান প্রকৌশলীগণ পরবর্তী সমন্বয় সভায় এ সংক্রান্ত বিষয়ে অগ্রগতি উপস্থাপন করবেন।<br>(গ) AMI সিস্টেমে ডাচ বাংলা ব্যাংক এর সাথে বিল পরিশোধ সংক্রান্ত সমস্যা দ্রুত সমাধান করতে হবে। সমাধানের পূর্ব পর্যন্ত গ্রাহকদের বিল পরিশোধের বিকল্প ব্যবস্থা সম্পর্কে অবহিত করে ম্যাসেজ দিতে হবে। এছাড়াও AMI সমস্যা সংক্রান্ত একটি পৃথক সভা করতে হবে। | প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/সাউথ/সেন্ট্রালডিজিএম, (আইসিটি ডেভেলপমেন্ট)/ রেভেনিউ/ প্রকল্প পরিচালক (৮.৫ লক্ষ স্মার্ট প্রি-পেইড মিটার)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস সার্কেল)/ ম্যানেজার, (আইসিটি ডেভেলপমেন্ট)/ রেভেনিউ/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস)। |

<u>আলোচ্যসূচি-০৭:</u> **GIS ম্যাপিং সংক্রান্ত:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| সভায় জিআইএস ম্যাপিং সম্পর্কিত ২০২৪-২৫ এর লক্ষ্যমাত্রা সম্পর্কে আলোচনা হয়। | ডিপিডিসি'র ২০২৪-২৫ অর্থবছরের জিআইএস ম্যাপিং সম্পর্কিত APA লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট হতে হবে। | প্রধান প্রকৌশলী ডেভেলপমেন্ট/ সকল প্রকল্প পরিচালক/ জিআইএস ম্যাপিং প্রকল্পের প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট কর্মকর্তা/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী ডেভেলপমেন্ট ১ এবং ২। |

<u>আলোচ্যসূচি-৮:</u> **১১ কেভি ফিডার অটোমেশন ও SAIDI/SAIFI:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|

| | | |
|---|---|---|
| গত ১৮ সেপ্টেম্বর, ২০২৪ তারিখে ১১ কেভি ফিডার অটোমেশনের অগ্রগতি ও লক্ষ্য নির্ধারণী সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় APA 2024-25 অনুসারে ডিপিডিসি'র সাস ও নন সাস ফিডার অটোমেশনের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে বলে সভায় অবহিত করা হয়। | (ক) উক্ত সভার সিদ্ধান্ত অনুসারে আগামী ডিসেম্বর,২৪ এর মধ্যে নতুন মোট ৪৫টি SAS এর আওতাভুক্ত ফিডার এবং আগামী এপ্রিল, ২৫ এর মধ্যে মোট ৩৫টি NON-SAS এর আওতাভুক্ত ফিডার অটোমেশন করতে হবে।<br>(খ) আগামী ১০/১২/২০২৪ ইং এর মধ্যে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিস্টেম প্রটেকশন) কে পিডি, জিটুজি, প্রকল্পের সাবষ্টেশনের সিস্টেমে প্রয়োজনীয় এক্সেস প্রদান করবেন। | নির্বাহী পরিচালক, (ইঞ্জিনিয়ারিং)/ প্রধান প্রকৌশলী (গ্রীড)/ পিডি, জিটুজি/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিস্টেম প্রটেকশন/ গ্রীড সাউথ)/ দীপক চন্দ্র রায়, ডেপুটি ম্যানেজার (আইসিটি) |

**<u>আলোচ্যসূচি-০৯:</u> স্টোর ম্যানেজমেন্ট, অ্যাসেট ম্যানেজমেন্ট সফটওয়্যার ও স্টোরের মালামাল পরিস্থিতি**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| সভায় লোকাল স্টোরে মালামাল সঠিকভাবে ইস্যু করা, সেন্ট্রাল স্টোরের অব্যবহৃত/ অকেজো মালামাল ও বিভিন্ন মালামালের সঠিক ও সুষ্ঠ ব্যবহার নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | ক) প্রত্যেক দপ্তরকে লোকাল স্টোরে মালামাল ইস্যুর সাথে সাথে অথবা উক্ত দিন শেষে স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারে ডাটা আবশ্যিকভাবে এন্ট্রি দিতে হবে যাতে সমন্বিত ইআরপির প্রকিউরমেন্ট মডিউল ও নতুন যুক্ত ইনভেন্টরি মডিউলে লোকাল স্টোরের ডাটা প্রতিফলিত হয়।<br>খ) সেন্ট্রাল স্টোরে বিভিন্ন মালামাল দীর্ঘদিন যাবৎ অব্যবহৃত অবস্থায় রয়েছে তা কোন দপ্তরের রিকুইজিশনের মাধ্যমে ক্রয় করা হয়েছিল এ বিষয়ে প্রধান প্রকৌশলী (ডেভেলপমেন্ট) ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী (স্টোর ম্যানেজমেন্ট) পর্যালোচনা করে পূর্ব সিদ্ধান্তের আলোকে উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করবেন। তাছাড়া শূন্য মজুদ ও দীর্ঘদিন যাবৎ অব্যবহৃত ও অকেজো অবস্থায় রয়েছে; এই সব মালামালের তালিকা তত্ত্বাবধায়ক প্রকৌশলী (স্টোর ম্যানেজমেন্ট) পরবর্তী সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) সেন্ট্রাল স্টোরে যেসকল মালামালের মজুদ কম রয়েছে সেগুলো ক্রয়ের ব্যাপারে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (স্টোর ম্যানেজমেন্ট) ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী (কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট আলোচনা পূর্বক যথাযথ পদক্ষেপ গ্রহণ করবেন এবং পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপন করবেন।<br>(ঘ) সকল লোকাল স্টোরকে পর্যায়ক্রমে স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারের আওতায় আনার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঙ) ডিস্ট্রিবিউশন ম্যানেজমেন্ট সিস্টেম এর তথ্য হালনাগাদ করার ব্যবস্থা গ্রহন করতে হবে। | প্রধান প্রকৌশলী (ডেভেলপমেন্ট)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট/ সিস্টেম সার্ভিসেস/ মিটারিং/ স্টোর ম্যানেজমেন্ট)/ ডিজিএম, ফিন্যান্স (অ্যাসেট ম্যানেজমেন্ট এন্ড স্টোর একাউন্টিং)/ ম্যানেজার, (আইসিটি ডেভেলপমেন্ট)/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস) |

**<u>আলোচ্যসূচি-১০:</u> APP বাস্তবায়ন অগ্রগতি**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|

| | | |
|---|---|---|
| সভায় নির্বাহী পরিচালক, অ্যাডমিন এন্ড এইচআর জানান যে, চলমান সংকটময় পরিস্থিতিতে ডিপিডিসি'র বাজেট স্বল্পতা থাকার কারনে কৃচ্ছতাসাধন কার্যক্রমের অংশ হিসেবে আপাতত: প্রয়োজনীয় ব্যয় ব্যতীত অপ্রয়োজনীয় ব্যয় পরিহার করে এপিপি revised করতে হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কনট্রাক্ট এন্ড প্রকিউরমেন্টকে এ ব্যাপারে যথাযথ উদ্যোগ নেওয়ার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | সকল দপ্তর জরুরী ভিত্তিতে Hard Budget Constraint বিবেচনা করে Cost Reduction Plan প্রস্তুত করবে এবং সেই অনুযায়ী নিজ নিজ ক্রয় পরিকল্পনা যথাসময়ে সম্পন্ন করতে হবে। তাছাড়া কোন এপিপি আইটেম (ক্রয়, কাজ ও ভৌত সেবা) বাস্তবায়ন সম্ভব না হলে অবিলম্বে তা ড্রপ করতে হবে। এব্যাপারে সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী/ জেনারেল ম্যানেজার তার আওতাধীন কষ্ট সেন্টারসমূহ-কে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবে। | প্রধান প্রকৌশলী (কনট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট)/ প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/ সেন্ট্রাল/ সাউথ)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (কনট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট)/ ম্যানেজার, আইসিটি ডেভেলপমেন্ট/ সকল দপ্তর প্রধান। |

আলোচ্যসূচি-১১: **অডিট আপত্তির জবাব প্রদান ও দেনা পরিশোধ সংক্রান্ত আলোচনা:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| প্রধান প্রকৌশলী, এনওসিএস (নর্থ) এর আওতাধীন দপ্তর থেকে প্রয়োজনীয় সংখ্যক জবাব পাওয়া যায়নি। ফলে ০২ অক্টোবর, ২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিতব্য ত্রিপক্ষীয় সভায় বেশি সংখ্যক অডিট আপত্তি নিস্পত্তির সুযোগ থেকে বঞ্চিত হওয়ার সম্ভাবনা রয়েছে বলে সভায় অবহিত করা হয়। | (ক) যে সকল অডিট আপত্তির জবাব প্রেরণ করা হয়নি, উক্ত আপত্তিসমূহের সন্তোষজনক ও দ্রুত নিস্পত্তি মূলক জবাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) বকেয়া সংক্রান্ত অডিট নিস্পত্তি করার জন্য বকেয়া আদায় পূর্বক সঠিকভাবে জবাব প্রদান করতে হবে।<br>(গ) লক্ষ্যমাত্রা অনুযায়ী দেনা পরিশোধের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/ সেন্ট্রাল/ সাউথ)/ জিএম, অডিট/ফিন্যান্স/ ডিজিএম, (গভ: এন্ড রেভেনিউ অডিট)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস সার্কেল)/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস)। |

আলোচ্যসূচি-১২: **নিরাপত্তা সংক্রান্ত:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| আউটসোর্সড নিরাপত্তা প্রহরী হিসেবে যারা অফিস ডিউটি করেন তাদেরকে প্রত্যাহার করা প্রসঙ্গে আলোচনা করা হয়। | প্রতিটি দপ্তরে নিরাপত্তা প্রহরীগণ নিরাপত্তার কাজ ঠিকমত পালন করছে কিনা এ বিষয় নিয়মিত মনিটরিং করতে হবে। এছাড়া যে সব নিরাপত্তা প্রহরীগণ নিরাপত্তার কাজ বাদ দিয়ে অফিস সহায়কের কাজ করেন তাঁদেরকে পর্যায়ক্রমে প্রত্যাহার করে নতুন নির্মিত স্থাপনাসমূহে পদস্থ করতে হবে। | ডিজিএম (এইচ আর), সিকিউরিটি। |
| ডিপিডিসি'র আওতাধীন দপ্তর/স্থাপনাসমূহে পরিষ্কারপরিচ্ছন্নতা অভিযান পরিচালনা বিষয়ে আলোচনা করা হয়। | দপ্তর/স্থাপনাসমূহে নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করতে হবে এবং দায়িত্বশীল কর্মকর্তাগণকে তা নিয়মিত মনিটরিং করতে হবে। | সকল দপ্তর প্রধান/ ডিজিএম (এইচ আর), সিকিউরিটি। |
| লাইনে কাজ করার সময় নিরাপত্তা | বিদ্যুৎ লাইনে কাজ করার ক্ষেত্রে শাটডাউন ও চালু করার সময় অধিক সাবধানতা অবলম্বন করতে হবে যেন কোন দুর্ঘটনা না ঘটে। এ ক্ষেত্রে অবশ্যই সেফটি গাইডলাইনের SOP যথাযথভাবে অনুসরন করতে হবে। কাজ শুরু করার পূর্বে সঠিকভাবে গ্রাউন্ডিং করতে হবে এবং পিপি পরিধান করতে হবে। এছাড়া কন্ট্রোল রুমের সাথে সঠিক যোগাযোগ রক্ষা করতে হবে ও VHF/UHF চালু করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিস্টেম কন্ট্রোল অ্যান্ড স্ক্যাডা/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস) |

_

_

<u>আলোচ্যসূচি-১৩:</u> **শুদ্ধাচার:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| শুদ্ধাচার এর ২০২৪-২৫ অর্থ বছরের বিভিন্ন লক্ষ্যমাত্রা ও অর্জন বিষয়ে আলোচনা হয়। | শুদ্ধাচার এর ২০২৪-২৫ অর্থ বছরের বিভিন্ন লক্ষ্যমাত্রা যেন অর্জন হয়, সে বিষয়ে দপ্তর প্রধানগণ কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন। লক্ষ্যমাত্রা অনুযায়ী দ্রুত গণশুনানি আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া বকেয়া আদায়ের জন্য কমপক্ষে ৩টি অভিযান পরিচালনা করতে হবে এবং এপিপি পরিকল্পনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ ও হালনাগাদ করতে হবে। | সকল দপ্তর প্রধান। |

<u>আলোচ্যসূচি-১৪:</u> **ডি-ফাইলিং ও ইআরপি বাস্তবায়ন:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ডি-ফাইলিং ও ইআরপি এর ২০২৪-২৫ অর্থ বছরের লক্ষ্যমাত্রা ও অর্জন বিষয়ে আলোচনা হয়। অক্টোবর'২৪ মাসে ডি-ফাইলিং এর লক্ষ্যমাত্রা ১০০% অর্জিত হয়েছে বলে সভায় অবহিত করা হয়। পরবর্তী মাস গুলোতেও ১০০% লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে সচেষ্ট থাকার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | সকল দাপ্তরিক কাজে ম্যানুয়াল নথির পরিমাণ আরও কমিয়ে ডি-ফাইলিং এর ব্যবহার ১০০% নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া ইআরপি এর সকল মডিউল এর যথাযথ ব্যবহার অব্যাহত রাখতে হবে ও সকল তথ্য হালনাগাদ করতে হবে। | সকল দপ্তর প্রধান। |

এছাড়া সময় স্বল্পতার কারণে সমন্বয় সভার যে এজেন্ডাগুলো আলোচনা করা সম্ভব হয় নি, পূর্বের সমন্বয় সভায় আলোচিত সে এজেন্ডাগুলোর সিদ্ধান্তসমূহ অপরিবর্তিত ও পুনর্বহাল থাকবে। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলের সু-স্বাস্থ্য কামনা করে সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭-১১-২০২৪
আবদুল্লাহ নোমান
ব্যবস্থাপনা পরিচালক
md@dpdc.org.bd

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
২৭ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৭.৮৭.০০০০.০০০.০৬.০০৪.২৪.৯১

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
২। এক্সিকিউটিভ ডিরেক্টর (অ্যাডমিন ও এইচ আর), এডমিন ও এইচআর বিভাগ, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৩। এক্সিকিউটিভ ডিরেক্টর (ফিন্যান্স) (অতিরিক্ত দায়িত্ব), ফিন্যান্স বিভাগ, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৪। এক্সিকিউটিভ ডিরেক্টর (ইঞ্জিনিয়ারিং), ইঞ্জিনিয়ারিং বিভাগ, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৫। এক্সিকিউটিভ ডিরেক্টর (অপারেশন্স) (অতিরিক্ত দায়িত্ব), অপারেশন বিভাগ, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।

৬। এক্সিকিউটিভ ডিরেক্টর (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট) (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি ও প্রকিউরমেন্ট বিভাগ, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৭। কোম্পানি সেক্রেটারি, কোম্পানী সেক্রেটারিয়েট, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৮। জেনারেল ম্যানেজার (আইসিটি/টেক), আইসিটি, এনার্জি এন্ড মিটারিং শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৯। জেনারেল ম্যানেজার (এইচ আর), এইচআর শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
১০। প্রধান প্রকৌশলী, এনওসিএস (সাউথ) শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
১১। প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব), এনওসিএস (সেন্ট্রাল) শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
১২। প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব), এনওসিএস (নর্থ) শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
১৩। প্রধান প্রকৌশলী, ডেভেলপমেন্ট শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
১৪। প্রধান প্রকৌশলী, প্রকিউরমেন্ট এন্ড স্টোর শাখা , ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
১৫। প্রধান প্রকৌশলী, সিস্টেম অপারেশন এন্ড স্ক্যাডা শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
১৬। প্রজেক্ট ডিরেক্টর, এক্সপানশন এন্ড স্ট্রেন্দেনিং অব পাওয়ার সিস্টেম নেটওয়ার্ক আন্ডার ডিপিডিসি , ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
১৭। জেনারেল ম্যানেজার (ফিন্যান্স), ফিন্যান্স শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
১৮। জেনারেল ম্যানেজার (ফিন্যান্স) (অতিরিক্ত দায়িত্ব), অডিট শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
১৯। প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব), প্ল্যানিং এন্ড ডিজাইন শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
২০। প্রজেক্ট ডিরেক্টর (অতিরিক্ত দায়িত্ব), প্রি-পেমেন্ট মিটারিং প্রজেক্ট ফর ৬ এনওসিএস ডিভিশন আন্ডার ডিপিডিসি , ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
২১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ট্যারিফ এন্ড এনার্জি অডিট শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
২২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মিটারিং শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
২৩। ডেপুটি জেনারেল ম্যানেজার (ফিন্যান্স), গভর্নমেন্ট এন্ড রেভিনিউ অডিট শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
২৪। ডেপুটি জেনারেল ম্যানেজার (ফিন্যান্স), ইন্টারনাল অডিট, কন্ট্রোল এন্ড কমপ্লায়নস শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
২৫। ডেপুটি জেনারেল ম্যানেজার (এইচ আর), এমপ্লয়ী রিলেশনস এন্ড ডিসিপ্লিন, এমপ্লয়ী রিলেশনস এন্ড ডিসিপ্লিন শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
২৬। ডেপুটি জেনারেল ম্যানেজার (এইচ আর), এমপ্লয়ী ম্যানেজমেন্ট (অ্যাডমিন), এমপ্লয়ী ম্যানেজমেন্ট শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
২৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ট্রেনিং এন্ড ডেভেলপমেন্ট শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
২৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গ্রিড (নর্থ) শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
২৯। প্রজেক্ট ডিরেক্টর, ডিপিডিসি'র আওতাধীন এলাকায় আট লক্ষ পঞ্চাশ হাজার স্মার্ট প্রি-পেমেন্ট মিটার স্থাপন প্রকল্প, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৩০। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৩১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব), এসই, ডেভেলপমেন্ট-২, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৩২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এসই, ডেভেলপমেন্ট-১, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৩৩। সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ার, সিস্টেম প্রটেকশন শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৩৪। সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ার, সিস্টেম কন্ট্রোল এন্ড স্ক্যাডা শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৩৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গ্রিড (সাউথ) শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৩৬। চিফ কোর্ডিনেশন অফিসার (সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ার), ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন

কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।

২৭-১১-২০২৪
খন্দকার এ.এইচ.এম. জুলফিকার হায়দার
চিফ কোর্ডিনেশন অফিসার (সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ার)